

া কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মূর্তিগুলো অক্ষমতা প্রকাশ করবে

দুনিয়াতে যারা মূর্তি পুজা করেছিল কিয়ামতে সেসকল মূর্তিগুলো তাদের পূজারীদের কোনো রকম সাহায্য করতে অক্ষমতা প্রকাশ করবে।

এ প্রসঙ্গে আল্লহ তা'আলা বলেন,

وَيُوااَمَ يَقُولُ نَادُواْ شُرَكَآءِيَ ٱلَّذِينَ زَعَماتُما فَدَعُواهُما فَلَما يَساتَجِيبُواْ لَهُما وَجَعَلاَنَا بَيانَهُم مَّوابِقًا ﴿

"আর যেদিন তিনি বলবেন, তোমরা ডাক আমার শরীকদের, যাদেরকে তোমরা (শরীক) মনে করতে। অতঃপর তারা তাদেরকে ডাকবে, কিন্তু তারা তাদের ডাকে সাড়া দিবে না। আর আমি তাদের মধ্যে রেখে দেব ধ্বংসস্থল"। [সূরা আল-কাহাফ, আয়াত: ৫২]

আল্লাহ তা'আলা আরো বলেন,

وَقِيلَ ٱداَّعُواْ شُرَكَآءَكُم اَ فَدَعَوا هُم اَ فَلَم اَ يَسالَتَجِيبُواْ لَهُم اَ وَرَأَوُاْ ٱللَّعَذَابَ اَ لَوا أَنَّهُم اَ كَانُواْ يَه التَدُونَ ﴿ وَقِيلَ ٱداَّعُواْ شُرَكَآءَكُم اَ فَدَعُوا هُم اَ فَلَم اللّهِ عَلَيْهِ اللّهِ اللّهُ اللّهُ اللّهِ اللّهُ اللللللّهُ الللللّهُ الللّهُ الللللّهُ الللّهُ اللللللللّهُ الللللللللللّهُ اللللللللللللللللللللللّهُ الللللللللللللللللللللللل

"আর বলা হবে, তোমাদের দেবতাগুলোকে ডাক, অতঃপর তারা তাদেরকে ডাকবে, তখন তারা তাদের ডাকে সাড়া দিবে না। আর তারা আযাব দেখতে পাবে। হায়, এরা যদি সৎপথ প্রাপ্ত হত!" [সূরা আল-ক্লাসাস, আয়াত: ৬৪]

আল্লাহ তা'আলা বলেন,

"আর নিশ্চয় তোমরা এসেছ আমার কাছে একা একা, যেরূপ সৃষ্টি করেছি আমরা তোমাদেরকে প্রথমবার এবং আমরা তোমাদেরকে যা দান করেছি, তা তোমরা ছেড়ে রেখেছ তোমাদের পিঠের পেছনে। আর আমি তোমাদের সাথে তোমাদের সুপারিশকারীদের দেখছি না, যাদের তোমরা মনে করেছ যে, নিশ্চয় তারা তোমাদের মধ্যে (আল্লাহর) অংশীদার। অবশ্যই ছিন্ন হয়ে গেছে তোমাদের পরস্পরের সম্পর্ক। আর তোমরা যা ধারণা করতে, তা তোমাদের থেকে হারিয়ে গিয়েছে"। [সুরা আল-আনআম, আয়াত: ৯৪]

কিয়ামতের দিন আল্লাহ তা'আলা শির্ককারীদের বলবেন, দুনিয়াতে তোমরা যে সকল দেব-দেবী, মূর্তি, মানুষ, জন্তু-জানোয়ারকে আমার সাথে শরীক করতে তাদের থেকে আজকে সাহায্য চাও। তাদের-কে বলো তোমাদের উদ্ধার



করতে। তখন শির্ককারীরা তাদের ডাকবে, কিন্তু তারা কোনো উত্তর দিবে না।

যারা ঈসা আলাইহিস সালামকে আল্লাহর পুত্র বলে গ্রহণ করেছে তিনি তাদের থেকে সম্পর্কচ্ছেদের ঘোষণা দিবেন-

وَإِذا قَالَ ٱللَّهُ يَعِيسَى ٱبانَ مَراكَيَمَ ءَأَنتَ قُلاَت لِلنَّاسِ ٱتَّخِذُونِي وَأُمِّيَ إِلَٰهِيانِ مِن دُونِ ٱللَّه اَ قَالَ سُبالَحُنكُ ﴿ مَا يَكُونُ لِيَ أَن اللَّهُ يَعِيسَى ٱبانَ مَراكَيَمَ ءَأَنتَ قُلاَتُهُ اَ فَقَدا عَلِماتَهُ اللَّهُ مَا فِي نَفاسِي وَلاَ أَعالَمُ وَلَمْ اللَّهُ وَلِي مَا فَي نَفاسِكِ إِنَّا مَا أَمُرا اللَّهُ وَلِي مَا أَمُرا اللهِ اللهُ مَا أَمُرا اللهُ وَلَمْ اللهُ وَلَمْ وَرَبَّكُم اللهُ وَلَمْ وَكُنتُ أَنتَ ٱلرَّقِيبَ عَلَياهِم اللهُ وَأَنتَ عَلَى وَرَبَّكُم اللهُ وَكُنتُ عَلَيهُ مِلَ اللهُ وَلَمْ اللهُ وَلَمْ اللهُ وَلَمْ اللهُ اللهُ وَلَمْ اللهُ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ وَلَا اللهُ وَلَا اللهُ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ وَلَمْ اللهُ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ وَلَوْلُولُ مُنْ اللّهُ وَلَا اللهُ وَلَا اللّهُ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ اللهُ اللهُ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ ال

"আর আল্লাহ যখন বলবেন, হে মারইয়ামের পুত্র ঈসা, তুমি কি মানুষদেরকে বলেছিলে যে, তোমরা আল্লাহ ছাড়া আমাকে ও আমার মাতাকে ইলাহরূপে গ্রহণ কর? সে বলবে, আপনি পবিত্র মহান, যার অধিকার আমার নেই তা বলা আমার জন্য সম্ভব নয়। যদি আমি তা বলতাম তাহলে অবশ্যই আপনি তা জানতেন। আমার অন্তরে যা আছে তা আপনি জানেন, আর আপনার অন্তরে যা আছে তা আমি জানি না; নিশ্চয় আপনি গায়েবী বিষয়সমূহে সর্বজ্ঞাত। আমি তাদেরকে কেবল তাই বলেছি, যা আপনি আমাকে আদেশ করেছেন যে, তোমরা আমার রব ও তোমাদের রব আল্লাহর ইবাদাত কর। আর যতদিন আমি তাদের মধ্যে ছিলাম ততদিন আমি তাদের ওপর সাক্ষী ছিলাম। অতঃপর যখন আপনি আমাকে উঠিয়ে নিলেন তখন আপনি ছিলেন তাদের পর্যবেক্ষণকারী। আর আপনি সব কিছুর উপর সাক্ষী"। [সুরা আল-মায়েদা, আয়াত: ১১৬-১১৭]

ঈসা আলাইহিস সালাম কিয়ামতের দিন বলবেন, হে আল্লাহ! আমি কীভাবে বলি, আমি আপনার পুত্র আর আমার মাতা মারইয়াম আপনার স্ত্রী। এটা বলার অধিকার আমাকে কে দিয়েছে? আপনি তো জানেন আপনি যা আদেশ করেছেন আমি শুধু সেটাই বলেছি। আমি তাদের বলেছি আল্লাহ তা আলা হলেন, আমার ও তোমাদের প্রভূ। তোমরা তারই ইবাদত করো। আর এটাই সঠিক পথ। যতদিন আমি তাদের মধ্যে ছিলাম ততদিন আপনি দেখেছে আমি কি বলেছি তাদের। যখন আপনি আমাকে নিয়ে আসলেন তখন থেকে তারা যা কিছু করেছে ও বলেছে সে সম্পর্কে আমার কোনো দায়িত্ব নেই।

ভাবার বিষয় হলো, মারইয়াম আলাইহাস সালাম ও ঈসা আলাইহিস সালামের কত মর্যাদা আল্লাহ তা'আলা দিয়েছেন। যারা তাদের সম্মানে বাড়াবাড়ি করে আল্লাহর সাথে তাদের শরীক বানালো আল্লাহ তাদের শাস্তি দিবেন। কারণ, তারা আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করেছে। আল্লাহ যা বলেননি ধর্মের ব্যাপারে তারা তা বলেছে। তাই তারা মিথ্যাবাদী। এ জন্য আল্লাহ তা'আলা বলবেন,

قَالَ ٱللَّهُ هَٰذَا يَواهُمُ يَنفَعُ ٱلصِّدِقِينَ صِدا َقُهُماا لَهُما جَنَّت اَ تَجارِي مِن تَحاتِهَا ٱلكَأْناهُ خُلِدِينَ فِيهَآ أَبَدُا الْ قَالَ ٱللَّهُ هَٰذَا يَواهُمُ يَنفَعُ ٱلصَّدِينَ فِيهَآ أَبَدُا اللَّهُ عَناهُما وَرَضُواْ عَناهُا ذَٰلِكَ ٱلاَفُوا ذُلِكَ ٱلاَفُوا أَلْاَعُظِيمُ ١١٩﴾ [المائدة: ١١٩

"আল্লাহ বলবেন, এটা হলো সেই দিন যেদিন সত্যবাদীগণকে তাদের সততা উপকার করবে। তাদের জন্য আছে জান্নাতসমূহ যার নীচে প্রবাহিত হবে নদীসমূহ। সেখানে তারা হবে স্থায়ী। আল্লাহ তাদের প্রতি সম্ভুষ্ট হয়েছেন, তারাও তাঁর প্রতি সম্ভুষ্ট হয়েছে। এটা মহাসাফল্য"। [সূরা আল-মায়েদা, আয়াত: ১১৯]

আল্লাহ তার প্রিয় বান্দা ঈসা আলাইহিস সালামের বক্তব্য সমর্থ করে এ কথাটি বলবেন।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=13524

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন